



**Bank Alfalah**  
The Way Forward

## জরুরী বিজ্ঞপ্তি

ভার্চুয়াল সম্পদ (Virtual Asset) ও ভার্চুয়াল মুদ্রা (Virtual Currency) লেনদেন এবং তাদের বিনিময়/স্থানান্তর/বাণিজ্য (Exchange/Transfer/Trading) সংক্রান্ত নিষেধাজ্ঞা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বৈদেশিক মুদ্রানীতি বিভাগ কর্তৃক ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং-২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ১। সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে ভার্চুয়াল সম্পদ (Virtual Asset) ও ভার্চুয়াল মুদ্রা (Virtual Currency) লেনদেন এবং তাদের বিনিময়/স্থানান্তর/বাণিজ্যের (Exchange/Transfer/Trading) সাথে যুক্ত ব্যবসা ও এ সংক্রান্ত যেকোন ধরনের কার্যক্রমে সহায়তা প্রদান হতে বিরত থাকার জন্য নির্দেশনা দেওয়া হয়েছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন বিদেশী Virtual Asset Service Provider (VASP) তাদের ওয়েবসাইট/অ্যাপের মাধ্যমে বাংলাদেশে কার্যরত কোন কোন তফসিলি ব্যাংকের গ্রাহক একাউন্ট ব্যবহার করে Virtual Currency/Crypto Currency, Foreign Currency ইত্যাদির লেনদেন, ক্রয়-বিক্রয়, পুনঃবিক্রয়, P2P বিনিময়/স্থানান্তর/বাণিজ্য কার্যক্রম পরিচালনা করছে।
- ২। এক্ষণে, ভার্চুয়াল সম্পদ (Virtual Asset) ও ভার্চুয়াল মুদ্রার (Virtual Currency/Crypto Currency) লেনদেন এবং তাদের বিনিময়/স্থানান্তর/বাণিজ্য কার্যক্রমের কারণে সম্ভাব্য আর্থিক ও আইনগত ঝুঁকি পরিহারের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলোঃ
- ব্যাংকের গ্রাহকের একাউন্ট ব্যবহার করে Virtual Asset Service Provider (VASP) এর মাধ্যমে Virtual Currency/Crypto Currency/Foreign Currency ইত্যাদির লেনদেন (Including online betting), ক্রয়-বিক্রয়, পুনঃবিক্রয়, P2P বিনিময়/স্থানান্তর/বাণিজ্য সংক্রান্ত কার্যক্রম অথবা এরূপ যেকোনো ধরনের কার্যে সহায়তা প্রদান করা যাবে না।
- ৩। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।



**Bank Alfalah Bangladesh**  
16515 | bankalfalah.com/bd